# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৭৭

১/ বিবিধ

আরবী

ما صيد من صيد، ولا قطع من شجر إلا بتضييعه التسبيح
موضوع

رواه أبو نعيم (7 / 240) من طريق محمد بن عبد الرحمن القشيري: حدثنا مسعر عن سعيد بن أبي سعيد عن أبيه عن أبي هريرة مرفوعا. وقال: " غريب تفرد به القشيري ". قلت: وهو كذاب كما قال الذهبي وغيره، ومع ذلك أورد السيوطي هذا الحديث في " الجامع الصغير "! وتعقبه المناوي بقول الذهبي المذكور، ثم قال: " وبه يعرف أن رمز المصنف لحسنه غير صواب ". قلت: وقد وجدت له شاهدا من حديث أبي بكر الصديق، أخرجه ابن عساكر (6 / 149 / 2) عن أبي علي الحسين بن جبر بن حيوة بن يعيش بن الموفق بن أبي النعمان الطائي الحمصي- بحمص -: حدثنا أبو القاسم عبد الرحمن بن يحيى بن أبي النقاش أخبرنا عبد الله بن عبد الجبار الخبائري: أنبأنا الحكم بن عبد الله بن خطاف حدثنا الزهري عن
أبي واقد بن حبيب قال: بينا أنا عند أبي بكر إذ أتي بغراب، فلما رآه بجناحين، حمد الله ثم قال: فذكره مرفوعا. ثم قال: " هذا حديث منكر، والحكم بن عبد الله بن خطاف ضعيف، والخبائري ضعيف، والرجلان اللذان قبلهما حمصيان مجهولان".
قلت: الخبائري عبد الله بن عبد الجبار، لم أجد من سبق ابن عساكر إلى تضعيفه، بل قال أبو حاتم: " ليس به بأس، صدوق ". وقال ابن وضاح: " لقيته بحمص، وهو ثقة مأمون ". وذكره ابن حبان في " الثقات " كما في " التهذيب ". والحكم بن عبد الله بن

خطاف حاله شر مما قال ابن عساكر، فقد قال فيه أبو حاتم: " كذاب متروك الحديث، الذي رواه باطل ". وقال الدارقطني: " كان يضع الحديث ". وقد ذكره السيوطي في " الفتاوى " (2 / 126) مع أحاديث أخرى في معناه سكت عنها كلها! وما يصح منها شيء

বাংলা

১৮৭৭। শুধুমাত্র তাসবীহ পাঠ করাকে নষ্ট করার কারণেই কোন শিকার যোগ্য পশু শিকার করা হয় আর কোন বৃক্ষকে কাটা হয়।

হাদীসটি বানোয়াট।

এটিকে আবু নুয়াইম (৭/২৪০) মুহাম্মাদ ইবনু আব্দুর রহমান কুশাইরী হতে, তিনি মিস আর হতে, তিনি সাঈদ ইবনু আবূ সাঈদ হতে, তিনি তার পিতা হতে, তিনি আবূ হুরাইরাহ (রাঃ) হতে মারফু’ হিসেবে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ এ হাদীসটি গারীব, কুশাইরী এককভাবে এটিকে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি বড়ই মিথ্যুক। যেমনটি হাফিয যাহাবী প্রমুখ বলেছেন। তা সত্ত্বেও সয়ূতী হাদীসটিকে “আলজামেউস সাগীর” গ্রন্থে উল্লেখ করেছেন। আর মানবী তার সমালোচনা করেছেন হাফিয যাহাবীর উক্ত কথার দ্বারা। অতঃপর বলেছেনঃ এ থেকেই জানা যায় যে, লেখকের হাসান আখ্যা দেয়ার চিহ্ন সঠিক নয়।

আমি (আলবানী) বলছিঃ আবু বাকর সিদীক (রাঃ) হতে তার একটি শাহেদ পেয়েছি। যেটিকে ইবনু আসাকির (৬/১৪৯/২) আবূ আলী হুসাইন ইবনু জাবর ইবনু হাইওয়াহ ইবনু ইয়াশ হতে ইবনুল মুওয়াফফিক ইবনু আবুন নু’মান তা’ঈ হিমসী হতে, তিনি আবুল কাসেম আব্দুর রহমান ইবনু ইয়াহইয়া ইবনু আবুন নাক্কাশ হতে, তিনি আবদুল্লাহ ইবনু আব্দুল জাব্বার খাবাইরী হতে, তিনি হাকাম ইবনু আবদুল্লাহ খুত্তাফ হতে, তিনি যুহরী হতে, তিনি আবূ অকেদ ইবনু হাবীব হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ আমি আবু বাকর (রাঃ)-এর নিকট বসেছিলাম এমতাবস্থায় একটি কাক নিয়ে আসা হলো। যখন তিনি তার ডানা দু’টোসহ তাকে দেখলেন, তখন আল্লাহর প্রশংসা করে বললেনঃ ..., তিনি এটিকে মারফু হিসেবে উল্লেখ করেন।

এরপর ইবনু আসাকির বলেনঃ এ হাদীসটি মুনকার। হাকাম ইবনু আব্দুল্লাহ ইবনু খুত্তাফ আর খাবাইরী দুর্বল। আর তাদের দু’জনের পূর্বে দু’ব্যক্তিই মাজহুল (অপরিচিত)।

আমি (আলবানী) বলছিঃ ইবনু আসাকিরের পূর্বে কে খাবাইরীকে দুর্বল আখ্যা দিয়েছেন পাচ্ছি না। বরং আবু হাতিম বলেছেন তার ব্যাপারে সমস্যা নেই। তিনি সত্যবাদী।

ইবনু অযুযাহ বলেনঃ আমি তার সাথে হিমসে মিলিত হয়েছি। তিনি নির্ভরযোগ্য নিরাপদ। তাকে ইবনু হিব্বান

"আসসিকাত" গ্রন্থে উল্লেখ করেছেন যেমনটি “আততাহযীব” গ্রন্থে এসেছে।

আর হাকাম ইবনু আব্দুল্লাহ খুত্তাফের অবস্থা সম্পর্কে ইবনু আসাকির যা বলেছেন তার চেয়েও তিনি নিকৃষ্ট। তার সম্পর্কে আবু হাতিম বলেনঃ তিনি বড়ই মিথ্যুক, মাতরূকুল হাদীস। তিনি যা বর্ণনা করেছেন তা বাতিল। দারাকুতনী বলেনঃ তিনি হাদীস জাল করতেন। হাদীসটিকে সুয়ূতী “আলফাওয়া” গ্রন্থে (২/১২৬) অন্যান্য সমভাবার্থের হাদীসের সাথে উল্লেখ করে সবগুলোর ব্যাপারেই কোন কিছু বলা থেকে চুপ থেকেছেন। অথচ সেগুলোর কোনটিই সহীহ নয়।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72760

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন